



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল  
কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট  
www.barc.gov.bd  
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০০০.০১৫.২৫.০০০১.২৫.১২

তারিখ: ১ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ  
১৫ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: "Machine Learning Technique in Agriculture" শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত বিজ্ঞানী/কর্মকর্তা মনোনয়ন প্রসঙ্গে।**

বাংলাদেশে কৃষি গবেষণা ও উন্নয়নে আধুনিক তথ্যপ্রযুক্তির ব্যবহার, বিশেষ করে মেশিন লার্নিং, ডেটা সাইন্স ও কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) প্রযুক্তির ভূমিকা দিন দিন গুরুত্বপূর্ণ হয়ে উঠছে। ডেটা-বেইজড ডিসিশন সাপোর্ট সিস্টেম, ফলন পূর্বাভাস, জমির স্বাস্থ্য বিশ্লেষণ, রোগ-পোকা শনাক্তকরণ ও জলবায়ু বিশ্লেষণসহ নানা ক্ষেত্রে ডেটা বিশ্লেষণ ও মডেলিংয়ের মাধ্যমে কৃষি খাতে টেকসই উন্নয়ন সম্ভব। ভবিষ্যৎ স্মার্ট কৃষি ব্যবস্থাপনায় এ প্রযুক্তির কার্যকর প্রয়োগ নিশ্চিত করতে বিএআরসি এবং নার্সডুজ প্রতষ্ঠানের বিজ্ঞানী/কর্মকর্তাদের ডেটা সাইন্স, মেশিন লার্নিং ও প্রোগ্রামিং দক্ষতা বৃদ্ধি একান্ত প্রয়োজন।

এ প্রেক্ষিতে, কৃষি মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত Program on Agriculture and Rural Transformation for Nutrition, Entrepreneurship, and Resilience in Bangladesh (PARTNER), APCU-BARC শীর্ষক প্রকল্পের আওতায় দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে আগামী ২৫/০৫/২০২৫ হতে ২৯/০৫/২০২৫ তারিখ পর্যন্ত কম্পিউটার ও জিআইএস ইউনিট, বিএআরসি'র উদ্যোগে "Machine Learning Technique in Agriculture" শীর্ষক ৫ (পাঁচ) দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা (সকাল ৯:৩০ ঘটিকা হতে বিকাল ০৪:৩০ ঘটিকা পর্যন্ত) কম্পিউটার ল্যাব, কম্পিউটার ও জিআইএস ইউনিট, বিএআরসি-তে অনুষ্ঠিত হবে।

উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত আপনার প্রতিষ্ঠানের ডেটা এনালিসিস সংক্রান্ত কাজের সাথে সংশ্লিষ্ট নিম্নবর্ণিত সংখ্যক বিজ্ঞানী/কর্মকর্তাবৃন্দের মনোনয়ন (নাম, পদবী, মোবাইল এবং ই-মেইল) আগামী ২০ মে ২০২৫ তারিখের মধ্যে (ই-মেইল: [al.helal@barc.gov.bd](mailto:al.helal@barc.gov.bd)) প্রেরণ করার জন্য এবং মনোনীত বিজ্ঞানী/কর্মকর্তাগণকে কৃষি মন্ত্রণালয়ের ইন্সটিটিউট সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম (<http://service.moa.gov.bd>) এর মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করার নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ক্রম নং	দপ্তর / সংস্থার নাম	মনোনয়নের সংখ্যা
১	বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট	৪ জন
২	বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট	৩ জন
৩	মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট	২ জন
৪	বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট	২ জন
৫	বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট	২ জন
৬	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	২ জন
৭	বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট	১ জন
৮	বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট	১ জন
৯	তুলা উন্নয়ন বোর্ড	১ জন
১০	বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট	১ জন
১১	বাংলাদেশ প্রাণীসম্পদ গবেষণা ইনস্টিটিউট	১ জন
১২	বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট	১ জন

উল্লেখ্য, প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত নিজস্ব ল্যাপটপ (মিনিমাম ৮ গিগাবাইট র‍্যামসহ) নিয়ে আসার জন্য অনুরোধ করা হলো।

নাজমুন নাহার করিম

১৫-০৫-২০২৫

ড. নাজমুন নাহার করিম  
নির্বাহী চেয়ারম্যান (রপটিন দায়িত্ব)

+৮৮০২-৪১০২৫২৫২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ২। মহাপরিচালক (রপটিন দায়িত্ব), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট।
- ৩। মহাপরিচালক (রপটিন দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
- ৪। মহাপরিচালক (রপটিন দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট।
- ৫। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট।
- ৬। মহাপরিচালক (রপটিন দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট।
- ৭। মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই)।
- ৮। মহাপরিচালক, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট।
- ৯। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
- ১০। মহাপরিচালক (সা.দা.), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, সদর দপ্তর, ময়মনসিংহ।
- ১১। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট।
- ১২। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালকের দপ্তর, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০০০.০১৫.২৫.০০০১.২৫.১২/১ (৩)

তারিখ: ১ জ্যেষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ  
১৫ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। এজেন্সি প্রোগ্রাম ডাইরেক্টর, APCU-BARC, PARTNER, বিএআরসি, ঢাকা, বিএআরসি।
- ৩। একান্ত সচিব, নির্বাহী চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।



নাজমুন নাহার করিম

১৫-০৫-২০২৫

ড. নাজমুন নাহার করিম  
নির্বাহী চেয়ারম্যান (রপটিন দায়িত্ব)